



International Astronomical Union (IAU)
National Outreach Coordinator (NOC)
BANGLADESH

প্রেসবিজ্ঞপ্তি

"বাহ্যগ্রহের নামকরণ কর্মসূচী"

১৯১৯ সালে প্রতিষ্ঠিত International Astronomical Union (IAU) জ্যোতির্বিজ্ঞানীদের জন্য বিশ্বের সবচেয়ে বড় আন্তর্জাতিক পেশাদারী সংস্থা। ২০১৯ সালে সংস্থাটির প্রতিষ্ঠার শততম বার্ষিকী উদযাপন চলছে। এ বছর “এক আকাশের নিচে (Under One Sky)” শিরোনামে নানাবিধ কর্মসূচি গ্রহণের মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে জ্যোতির্বিজ্ঞান বিষয়ক সচেতনতা ও আগ্রহ বৃদ্ধি এই সংস্থাটির প্রধান লক্ষ্য। পৃথিবীর ১০০টিরও বেশি দেশে এ লক্ষ্যে বিবিধ কর্মসূচি গৃহীত হচ্ছে, যার মধ্যে বাংলাদেশও অন্যতম।

এসকল কর্মসূচির মধ্যে অন্যতম আকর্ষণীয় একটি উদ্যোগ হল “বাহ্যগ্রহের নামকরণ (IAU100 NameExoWorlds, <http://www.nameexoworlds.iau.org/>)” শীর্ষক কর্মসূচি। এই উদ্যোগ অনুসারে, অংশগ্রহণকারী দেশগুলো একটি বাহ্যগ্রহ বা এক্সোপ্লানেট এবং যে নক্ষত্রের চতুষ্পার্শ্বে সেটি ঘুরছে তার নামকরণের সুযোগ পাবে। জ্যোতির্বিজ্ঞানের নামকরণের ব্যাপারে IAU-ই সর্বোচ্চ সিদ্ধান্তকারী হওয়া সত্ত্বেও এই অধিকারটি পৃথিবীব্যাপী সকলের সাথে ভাগ করে নেয়ার জন্য “বাহ্যগ্রহের নামকরণ” শীর্ষক এই কর্মসূচিটি হাতে নেয়া হয়েছে। “বাহ্যগ্রহের নামকরণ কর্মসূচি” পৃথিবীর প্রত্যেক দেশকে একটি বাহ্যগ্রহ এবং এর তারকাটির নামকরণের সুযোগ দেয়। ইতোমধ্যে ৯৪টি দেশ এই ক্যাম্পেইনে অংশ নিয়েছে এবং এই উপলক্ষে জাতীয় প্রচারণার কাজ করছে। এই কর্মসূচির অধীনে প্রত্যেকটি দেশের জন্য একটি নক্ষত্রের অবস্থান চিহ্নিত করে দেওয়া হয়েছে, যার অন্তত একটি বাহ্যগ্রহ আছে এমনটি নিশ্চিত। বাংলাদেশের জন্য ইতোমধ্যে সংস্থাটি একটি নক্ষত্র এবং তার বাহ্যগ্রহ ঠিক করেছে যার নামকরণের সুযোগ আমাদের দেশের জনগণ পাবে। এটি ‘সর্পধারী (Ophiuchus)’ নক্ষত্রমণ্ডলের অন্তর্গত একটি নক্ষত্র। এটি নিঃসন্দেহে আমাদের জন্য একটি ঐতিহাসিক সুযোগ। আমরা প্রত্যাশা করি একটি চমৎকার মনোগ্রাহী উপযুক্ত বাংলা নাম দ্বারা এই গ্রহটি এবং এর নক্ষত্রটি চিহ্নিত হউক।

অন্যান্য দেশের মতই বাংলাদেশেও এই নামকরণের সম্পূর্ণ কার্যাবলি পরিচালিত হবে IAU কর্তৃক নির্বাচিত একজন জাতীয় সমন্বয়কের (ন্যাশনাল আউটরিচ কোঅর্ডিনেটর) মাধ্যমে এবং এই জন্য ইতিমধ্যে একটি জাতীয় কমিটিও গঠন করা হয়েছে। এই নামকরণের জন্য IAU কর্তৃক কিছু বিধিনিষেধ আছে যা অবশ্যই সবাইকে অনুসরণ করেই নামকরণটি করতে হবে।

প্রথম পর্যায়ে আমরা দেশের সকল শিক্ষা-প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছে থেকে প্রস্তাবিত নাম আহবান করছি। তাদেরকে অবশ্যই তাদের যার যার প্রতিষ্ঠানের কমিটির মাধ্যমে পাঠাতে হবে, এবং শিক্ষার্থীরাই প্রিয় শিক্ষকবৃন্দের নেতৃত্বে সেই কমিটি ঠিক করে নেবে। জাতীয় কমিটির কাছে নাম পাঠানোর শেষ তারিখ: ১৭ই সেপ্টেম্বর ২০১৯। ঠিকানা: বাহ্যগ্রহের নামকরণ জাতীয় কমিটি, শেলটেক নিরিবিলি, ২১০/২ এলিফেন্ট রোড, ঢাকা-১২০৫। পর্যায়ক্রমে এটা অন্যদের জন্যও উন্মুক্ত হবে।

এই কর্মসূচি পরিচালিত হচ্ছে, বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতির (spsb.org) প্রত্যক্ষ সহযোগিতায়। মাসিক “বিজ্ঞানচিন্তা” পত্রিকা এই কার্যক্রমের ম্যাগাজিন পার্টনার।

সকল তথ্য ও যোগাযোগের জন্য চাখ রাখুন: [facebook.com/IAU-Name-Exoworld-Bangladesh-100859487940523/](https://www.facebook.com/IAU-Name-Exoworld-Bangladesh-100859487940523/),
[facebook.com/groups/astronomyschool/](https://www.facebook.com/groups/astronomyschool/)

সকল ফর্মের জন্য: <http://spsb.org/name-your-own-exoplanet/>

Prof. Farseem M. Mohammedy

Department of Electrical and Electronic Engineering, Bangladesh University of Engineering and Technology (B.U.E.T)
Dhaka-1205, BANGLADESH

Phone (+880) 2-9665650-80, ext:6560

Mobile (+880) 17 1504 4474

E-mail farseemm@gmail.com

